

সংকটের কারণে চাহিত তথ্য সঠিক সময়ে পেতে কিছুটা সমস্যা হচ্ছে; তিনি আশা প্রকাশ করেন যে, আগামীতে কর্মী সংকট থাকলে ও তারা যথাযথ সময়ে তথ্য সরবরাহ করবেন।

ইউনিয়ন স্বাস্থ্য কর্মী ছানাউল্লাহ পালোয়ান জানান যে তারা বাচ্চার টিকা দেওয়ার সময় প্রতিটি গার্ডিয়ান কে ভালো করে বুঝিয়ে দেওয়া হয়, তারা যেন দ্রুত বাচ্চার নিবন্ধন করে ফেলে, অন্যথায় বাচ্চার ২য় ডোজ টিকার সময় সমস্যা হবে। তাছাড়া শিশু জন্মের সময় জন্ম নিবন্ধন করে নিলে পরবর্তীতে তার আর কোন সমস্যা হবে না।

স্থানীয় মসজিদের ইমাম মোস্তাফিজুর রহমান জানান যে কেউ মারা গেলে মসজিদ থেকে যখন মাইকিং করা ছাড়াও কোথাও জানাজা পড়াতে গেলেও সাথে সাথেই ঐ ওয়ার্ড গ্রাম পুলিশকে মৃত ব্যক্তির তথ্য সরবরাহ করে থাকেন এবং এই কার্যক্রম চলমান থাকবে বলেও তিনি আশ্বাস প্রদান করেন। পরবর্তীতে সভার সভাপতি ইমাম সাহেবকে ধন্যবাদ প্রদান করেন।

এনজিও প্রতিনিধি (ব্র্যাক) জানান যে, তাদের কর্মীগন প্রতিদিনই ঋন আদায়ের জন্য গ্রামে গ্রামে যান, সেখানে তারা সকল বয়সী ব্যক্তির জন্ম নিবন্ধনের বিষয়ে ইতিপূর্বে প্রচার করেছেন; কিন্তু বর্তমানে শিশুর ০-৪৫ দিনের মধ্যে ও মৃত্যুর ০-৪৫ দিনের মাঝে মৃত্যু নিবন্ধন করার কঠোর নির্দেশনা থাকায় তারা ও জোর প্রচারনা চালাবেন মর্মে সভাকে অবহিত করেন।

পরবর্তীতে সভার সভাপতি এনজিও প্রতিনিধিকে ধন্যবাদ জ্ঞাপন করেন।

জনাব আঃ রশিদ(রশিদুল আলম সবুজ) ০৭নং ওয়ার্ড ইউপি সদস্য ও সহ সভাপতি মোক্তারপুর ইউনিয়ন আওয়ামীলীগ সভাতে জানান যে, এই কমিটির সকল সদস্যের ব্যাপক প্রচার প্রচারনার ফলে জনগনের মাঝে একটি ইতিবাচক পরিবর্তন দৃশ্যমান হয়েছে। ভবিষ্যতে এই প্রচারনা অব্যাহত থাকলে আমরা আমাদের কাঙ্ক্ষিত লক্ষ্য অর্জন করতে পারবো বলে আশা প্রকাশ করেন। তার পক্ষ থেকে সকল প্রকার প্রচারনাও জোরদার করবেন মর্মে সভা কে অবহিত করেন। তিনি আরও জানান যে, তারা প্রায়ই বিভিন্ন স্থানে জানাযায় যান, সেখানে তিনি মৃত্যু নিবন্ধনের বিষয়েও প্রচারনা করবেন এবং মৃত ব্যক্তির তথ্য সংগ্রহ করে ইউনিয়ন পরিষদের প্রশাসনিক কর্মকর্তার নিকট সরবরাহ করবেন মর্মে অঙ্গীকার করেন।

পরবর্তীতে সভার সভাপতি জনাব আঃ রশিদ(রশিদুল আলম সবুজ) সাহেবকে ধন্যবাদ জ্ঞাপন করেন।

জনাব জাহাঙ্গীর ফরাজী ইউপি সদস্য ০৪নং ওয়ার্ড সভায় জানান যে, জন্ম মৃত্যু নিবন্ধন একটি গুরুত্বপূর্ণ বিষয়। বর্তমানে দেশের বেশিরভাগ কাজের জন্য জন্ম নিবন্ধন প্রয়োজন হয়ে থাকে। বিশেষ করে স্কুলে ভর্তি হতে, পাসপোর্ট করা, নতুন ভোটার হওয়া সহ বিভিন্ন প্রকার গুরুত্বপূর্ণ কাজের জন্য জন্ম নিবন্ধন বাধ্যতামূলক করা হয়েছে। এমন অবস্থায় প্রতিটি ওয়ার্ড মিটিং তথা ওয়ার্ডের বিভিন্ন বিচার সভাতেও জন্ম ও মৃত্যু নিবন্ধনের মত বিষয়ে আলোচনা করত জনগণকে আগ্রহী করে তোলা হচ্ছে।

পরবর্তীতে সভার সভাপতি জনাব জাহাঙ্গীর ফরাজী কে ধন্যবাদ জ্ঞাপন করেন।

সিদ্ধান্ত-১ঃ

০-৩৬৫ দিন বয়সী শিশুর জন্ম নিবন্ধন ও ০-৩৬৫ দিন বয়সী মৃত্যু নিবন্ধনের জন্য কার্যকর প্রচার-প্রচারনা চলছে এবং ভবিষ্যতেও এই প্রচারনা অব্যাহত থাকবে। কাঙ্ক্ষিত বয়সী শিশুর নিবন্ধনের শিশুর পিতা-মাতা/ আত্মীয়-স্বজন/ অভিভাবকগনের এবং মৃত্যুর ৪৫ দিনের মধ্যে মৃত্যু নিবন্ধনের জন্য সচেতনতা বৃদ্ধি কার্যক্রম

০২